BAPEX

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ

## জুন/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স
তারিখ : ২৫ জুন ২০২৫
সময় : সকাল ১০.৩০ মিনিট
সভার স্থান : বাপেক্স বোর্ড রুম
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | কার্যবিবরণী নিশ্চিতকরণ | ব্যবস্থাপনা পরিচালক সভায় উপস্থিত মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তাকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি কোম্পানি সচিবকে অনুরোধ করেন। কোম্পানি সচিব ব্যবস্থাপনা পরিচালকসহ উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য উপমহাব্যবস্থাপক (বোর্ড)-কে অনুরোধ করেন। উপমহাব্যবস্থাপক (বোর্ড) গত ১২.০৫.২০২৫ তারিখে অনুষ্ঠিত মে/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন মতামত ও সংশোধনের প্রয়োজন আছে কিনা জানতে চান। মহাব্যবস্থাপক (খনন) কার্যবিবরণীর ক্রমিক ১১তে উল্লিখিত সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার কার্যক্রম "বিজয়-১১ রিগ" এর স্থলে "বিজয়-১৮ রিগ" এর মাধ্যমে সম্পাদন করা হবে উল্লেখ করার প্রস্তাব করলে সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ তাতে সম্মতি জ্ঞাপন করেন এবং সংশোধনীসহ কার্যবিবরণীটি নিশ্চিতকরণের পক্ষে একমত প্রকাশ করেন। | ১। মে/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সংশোধনীসহ সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো। | ১। উপমহাব্যবস্থাপক (বোর্ড) |
| ২। | জামালপুর-১ কূপ খনন প্রকল্প | মহাব্যবস্থাপক (উৎপাদন) সভায় জানান যে, জামালপুর-১ কূপ খনন প্রকল্পে সফলভাবে কূপ খনন ও ডিএসটি শেষে উক্ত কূপ থেকে বাণিজ্যিকভাবে গ্যাস সরবরাহ নিশ্চিত ঘোষণা সাপেক্ষে উৎপাদন বিভাগের মাধ্যমে প্রসেস প্লান্ট ক্রয়/সংগ্রহ ও স্থাপন করার উদ্যোগ গ্রহণ করা হবে। কূপ খননকালীন গ্যাসের প্রাথমিক অস্তিত্ব পাওয়ায় উৎপাদন বিভাগের মাধ্যমে কূপ স্থাপনা হতে নিকতবর্তী ভাল্ব স্টেশন পর্যন্ত একটি ড্রাফট রুট সার্ভে করা হয়। বিগত পর্যালোচনা সভার সিদ্ধান্তের আলোকে কমিটি গঠন করে প্রাক্কলন সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা হবে। সভায় জামালপুর-১ কূপ লোকেশন হতে তারাকান্দি ভাল্ব স্টেশন পর্যন্ত গ্যাস সঞ্চালন লাইন নির্মাণের লক্ষ্যে কমিটি গঠনপূর্বক দ্রুত ব্যয় প্রাক্কলন প্রতিবেদন দাখিল করার বিষয়ে একমত প্রকাশ করা হয়।<br><br>ব্যবস্থাপনা পরিচালক জামালপুরে আরো একটি কূপ খননের বিষয়ে উল্লেখ করলে ভূতাত্ত্বিক বিভাগের মহাব্যবস্থাপক বলেন যে, নতুন কূপ খনন করতে হলে ঐ এলাকার তথ্য-উপাত্ত আরো বিশ্লেষণ করা | ১। জামালপুর-১ কূপ খননের অভিজ্ঞতার আলোকে জামালপুর-২ কূপ কত মিটার গভীরে খনন করতে হবে সেটি নির্ধারণপূর্বক দ্রুত একটি প্রতিবেদন দাখিল করতে হবে।<br><br>২। জামালপুর-১ কূপ লোকেশন হতে নিকটবর্তী ভাল্ব স্টেশন পর্যন্ত প্রসেস প্লান্ট সংগ্রহ ও স্থাপনের লক্ষ্যে কমিটি গঠনপূর্বক দ্রুত ব্যয় প্রাক্কলন প্রতিবেদন দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন)<br>২। মহাব্যবস্থাপক (খনন)<br>৩। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)<br>৪। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক অভিজ্ঞতার আলোকে জামালপুর-২ কূপ কত মিটার গভীরে খনন করতে হবে সেটি নির্ধারণপূর্বক দ্রুত একটি প্রতিবেদন দাখিলের পরামর্শ প্রদান করেন। | | |
| ৩। | ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপন | প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রসেস প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে আহবায়িত দরপত্রের বিপরীতে সর্বনিম্ন দরদাতা Process Systems, France এর সাথে চুক্তি সম্পাদিত হয়েছে। ৮ কিলোমিটার গ্যাস গ্যাদারিং লাইন নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ কার্যক্রম চলমান আছে।<br><br>মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান, গ্যাস গ্যাদারিং লাইন নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ কার্যক্রম চলমান আছে। অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ৪ ধারা (হুকুমদখলের নোটিশ জারি) সংক্রান্ত একটি সভা শীঘ্রই অনুষ্ঠিত হবে। সভায় গ্যাস গ্যাদারিং লাইন নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণের বিষয়টি পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়কে অবহিত করার বিষয়ে মত প্রকাশ করা হয় এবং মহাব্যবস্থাপক (নির্মাণ) এবং প্রকল্প পরিচালককে যৌথভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম তদারকির অনুরোধ জানানো হয়। | ১। গ্যাস গ্যাদারিং লাইন নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ এর বিষয়টি পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়কে অবহিত করতে হবে।<br><br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) ও প্রকল্প পরিচালককে যৌথভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম তদারকি করতে হবে।<br><br>৩। প্রসেস প্ল্যান্ট কমিশনিং এবং গ্যাস সরবরাহের লক্ষ্যে সঞ্চালন পাইপলাইন নির্মাণের জন্য জিটিসিএলকে পত্র প্রদান করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প পরিচালক (ভোলা নর্থ গ্যাসক্ষেত্রের জন্য প্রসেস প্ল্যান্ট সংগ্রহ ও স্থাপন প্রকল্প) |
| ৪। | Drilling Rig ক্রয় | মহাব্যবস্থাপক (প্রকৌশল) সভায় জানান যে, রিগ ক্রয়ের লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন দাখিল করা হয়েছে। দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুতের কাজ চলমান আছে। সংক্ষিপ্ত সময়ের মধ্যে কমিটি প্রতিবেদন দাখিল করবে বলে তিনি আশা প্রকাশ করেন।<br><br>ব্যবস্থাপনা পরিচালক ১০০০ ও ২০০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ এবং ক্রয়ের লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন এবং দ্রুততম সময়ে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় দাখিলের নির্দেশনা প্রদান করেন। এছাড়া ০৩.০৭.২০২৬ তারিখে পেট্রোবাংলায় উপস্থাপনের লক্ষ্যে একটি Presentation প্রস্তুত করার পরামর্শ প্রদান করেন। | ১। ১০০০ ও ২০০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ এবং ক্রয়ের লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন এবং ব্যয় প্রাক্কলন প্রতিবেদন আগামী ০১.০৭.২০২৫ তারিখের মধ্যে দাখিল করতে হবে।<br><br>২। ০৩.০৭.২০২৭ তারিখে পেট্রোবাংলায় উপস্থাপনের লক্ষ্যে একটি Presentation প্রস্তুত করতে হবে। | ১। সকল মহাব্যবস্থাপক<br>২। সংশ্লিষ্ট কমিটি |
| ৫। | গভীর কূপ খনন প্রকল্প | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, প্রকল্প যাচাই কমিটির সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠনপূর্বক পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে গত ১২.০৫.২০২৫ তারিখে প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান যে, শ্রীকাইল ডিপ-১ ও মোবারকপুর ডিপ-১ কূপ খননের জন্য ঠিকাদার নিয়োগের লক্ষ্যে আহবায়িত দরপত্রের কারিগরি মূল্যায়নে রেসপনসিভ প্রতিষ্ঠানের আর্থিক দরপ্রস্তাব মূল্যায়ন শেষে পর্ষদ সভায় উপস্থাপন করা হলে ডিপিপি অনুমোদন সাপেক্ষে চুক্তি সম্পাদনের নির্দেশনা প্রদান করা হয়। | ১। টেন্ডার সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি প্রস্তুত রাখতে হবে।<br><br>২। কূপের যাবতীয় পূর্ত কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>৩। প্রকল্প ব্যবস্থাপক (সংশ্লিষ্ট প্রকল্প) |
| ৬। | সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | বিভাগীয় প্রধান (ভূপদার্থ) জানান যে, সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে করার যৌক্তিকতা নিরূপণের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। শৈলকূপা এলাকায় ১২০০ বর্গ কি.মি এবং সুবর্ণচর ও ফেনী এলাকায় ১৩০০ বর্গ কি.মি ৩ডি | ১। সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে কাজের যৌক্তিকতা যাচাই- | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। মহাব্যবস্থাপক (ভূপদার্থ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সাইসমিক সার্ভের লক্ষ্যে প্রকল্প প্রস্তাব প্রণয়ণের জন্য প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। উক্ত এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে করা হবে কিনা সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য পরিকল্পনা ও আইসিটি বিভাগ কর্তৃক একটি প্রতিবেদন দাখিল করা হয়েছে। বিভাগীয় প্রধান (পরিকল্পনা ও আইসিটি) জানান যে, পেট্রোবাংলা কর্তৃক ১২০০ বর্গ কি.মি এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে করার প্রস্তাবনা আছে। যেহেতু প্রস্তাবিত এলাকার মধ্যে একটি কূপ খননের উদ্যোগ গ্রহণ করা হয়েছে তাই উক্ত এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে প্রকল্প কূপ খনন কাজ সম্পন্নের পর প্রস্তাব করা সমীচীন হবে। ব্যবস্থাপনা পরিচালক সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে কাজের যৌক্তিকতা যাচাই-বাছাইপূর্বক প্রকল্প গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন। | বাছাইপূর্বক প্রকল্প গ্রহণ করতে হবে। | |
| ৭। | চরফ্যাশন, মনপুরা ও হাতিয়া এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | বিভাগীয় প্রধান (ভূপদার্থ) জানান যে, অর্থায়নের প্রকৃতি নির্ধারণের জন্য ডিপিপি গত ১০.০৪.২০২৫ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগের অনুমোদন পাওয়া গেলে ডিপিপি পুনর্গঠনপূর্বক পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হবে। তবে, অদ্যাবধি অর্থ বিভাগ হতে ডিপিপি পুনর্গঠনের জন্য ফেরত আসেনি। সভায় অর্থ বিভাগ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার বিষয়ে একমত প্রকাশ করা হয়। | ১। অর্থ বিভাগ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |
| ৮। | অডিট আপত্তি | মহাব্যবস্থাক (হিসাব ও অর্থ) জানান যে, গত ২৩.০৬.২০২৫ তারিখে বাপেক্সের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে একটি সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় ১২টি SFI (Serious Financial Irregularities) এর মধ্যে ৭টি SFI নিষ্পত্তির জন্য সুপারিশ করার বিষয়ে সম্মতি প্রদান করেছে।<br><br>ব্যবস্থাপনা পরিচালক অডিট আপত্তি এড়ানোর লক্ষ্যে নথি উপস্থাপনের সময় আরো সতর্ক থাকার পরামর্শ প্রদান করেন। এছাড়া দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠানের জন্য বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠানের জন্য বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |
| ৯। | রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার | উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, বাপেক্সের অকেজো মালামাল স্থানান্তরের জন্য গঠিত কমিটি রূপগঞ্জ ও কাপাসিয়া স্থাপনায় সরেজমিন পরিদর্শন করা হয়েছে। যেসব স্থানে অকেজো মালামাল রাখা হবে তা নির্ধারণ করা হয়েছে। মহাব্যবস্থাপক (খনন) জানান যে, রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কার্যক্রম বাপেক্স এর নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের বিষয়টি পরিচালক পর্ষদের ৪৯৮তম সভায় অনুমোদিত হয়েছে। জামালপুর-১ কূপ খনন কাজ শেষে বিজয়-১০ রিগ স্থানান্তর করে রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজ সম্পাদন করার পরিকল্পনা থাকলেও উক্ত রিগ দ্বারা অগ্রাধিকার ভিত্তিতে শ্রীকাইল-৫ কূপ খনন এবং | ১। রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজ শুরু করার লক্ষ্যে ভাণ্ডার ও অস্থায়ী ক্যাজুয়াল শেডে সংরক্ষিত মালামাল স্থানান্তরের কাজ এবং পূর্ত কাজ জুলাই ২০২৫ এর মধ্যে সম্পন্ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | বিজয়-১২ রিগ দ্বারা কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজ শুরু করার লক্ষ্যে ভান্ডার ও ক্যাজুয়াল কর্মচারীদের শেডে সংরক্ষিত মালামাল অপসারণ এবং পূর্ত কাজ দ্রুত সম্পন্ন করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক মালামাল স্থানান্তরের কাজ এবং পূর্ত কাজ অতি দ্রুততার সাথে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ১০। | সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় মালামাল সংরক্ষিত আছে। পরিচালক পর্ষদের সভায় এ বিষয়ে কার্যপত্র উপস্থাপন করা হলে তা অনুমোদিত হয়। তিনি আরো জানান যে, সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার কার্যক্রম বিজয়-১৮ রিগের মাধ্যমে সম্পাদন করা হবে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক, সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের যৌক্তিকতা জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ড. মোঃ আশিক হোসেন জানান, সেমুতাং ভূগঠনে ২ডি সাইসমিক সার্ভের মাধ্যমে পূর্বে একটি কূপ খনন করা হয়েছে। দীর্ঘদিন উৎপাদনের কারণে বর্তমানে কূপ হতে পানি, বালি আসায় কূপটি স্কুইজ করে গ্যাস উৎপাদন বাড়ানোর লক্ষ্যে সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সভায় দ্রুত সময়ে সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার করার নির্দেশনা প্রদান করা হয়। | ১। দ্রুততম সময়ে সেমুতাং-৬ ওয়ার্কওভার এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (উৎপাদন) |
| ১১। | সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (উৎপাদন) সুন্দলপুর-৩ কূপে পানি ও বালি আসার প্রবণতা প্রতিনিয়ত বৃদ্ধি পাওয়ায় উক্ত কূপের ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণে কারিগরি সভা আয়োজনের প্রস্তাব করেন। দ্রুততম সময়ে সুন্দলপুর-৩ কূপের নিচের জোন থেকে ডিএসটির ফলাফলে প্রাপ্ত গ্যাস জোনের ওয়ার্কওভার করা হলে সুন্দলপুর-৩ কূপ হতে দৈনিক ৫-৮ মিলিয়ন গ্যাস ফ্লো দেয়া যাবে এবং কোম্পানি লাভবান হবে। তিনি বলেন, চলমান রিগ শিডিউল অনুযায়ী বিজয়-১১ রিগটির সম্ভাব্য সিডিউল আগামী কিছুদিনের মধ্যে ফ্রি হয়ে যাবে বিধায় উক্ত রিগের মাধ্যমে খনন মালামাল মজুদ ও সংগ্রহ করা সাপেক্ষে দ্রুত ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। এসংক্রান্তে প্রাক্কলন প্রস্তুতে একটি কমিটি গঠন করা যেতে পারে। তিনি আরো জানান যে, বর্তমান প্রেক্ষাপটে শাহবাজপুরে-৪ কূপের বিষয়ে বাপেক্স পরিচালক পর্ষদের সভার সিদ্ধান্ত অনুযায়ী দ্রুত ওয়ার্কওভার করা সম্ভব হলে কূপটি থেকে দীর্ঘমেয়াদে আরো ভালো ফলাফল আশা করা যাবে।<br><br>ব্যবস্থাপনা পরিচালক সুন্দলপুর-৩ নং কূপে ওয়ার্কওভার করার বিষয়ে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ড. মোঃ আশিক হোসেন জানান, সুন্দলপুর-৩ কূপ খননের সময় দুটি নতুন গ্যাসের স্তর পাওয়া যায় যা ইতোপূর্বে খননকৃত সুন্দলপুর-১ এবং সুন্দলপুর-২ নং কূপে পাওয়া | ১। সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপে ওয়ার্কওভার সম্পাদনের বিষয়টি সংশ্লিষ্ট বিভাগকে খতিয়ে দেখতে হবে।<br><br>২। একটি কার্যপত্র (Board Paper) প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস)<br>২। মহাব্যস্থাপক (খনন)<br>৩। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৪। মহাব্যবস্থাপক (উৎপাদন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | যায়নি। নতুন গ্যাস জোনটিতে Completion করলে জোনটিকে যথাযথভাবে মূল্যায়ন করা সম্ভব হতো এবং পরবর্তী কূপের স্থান এবং গভীরতা নির্ধারণে সহায়ক হতো। পক্ষান্তরে সুন্দলপুর-১ এবং সুন্দলপুর-২ নং কূপের যে জোন থেকে উৎপাদন করা হয়েছে সুন্দলপুর-৩ কূপেও সেই জোনেই Completion করা হয়েছে। এখানে উল্লেখ্য সুন্দলপুর-৩ কূপে Completion করার পূর্বেই সুন্দলপুর-২ নং কূপের pressure কমে যায় এবং পানি আসে। কূপটি বিশ্লেষণ করে দেখা যায় যে, উৎপাদনরত জোনটি হতে উত্তোলনযোগ্য গ্যাসের নির্নিত মজুদের প্রায় সমুদয় গ্যাস উত্তোলন করা সম্পন্ন হয়ে গেছে। সেই বিবেচনায় একই জোনে তৎসময়ে Completion না করাই যৌক্তিক ছিল। ব্যবস্থাপনা পরিচালক সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার সম্পাদনের বিষয়টি সংশ্লিষ্ট বিভাগকে পরীক্ষা নিরীক্ষাপূর্বক একটি কার্যপত্র (Board Paper) প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ১২। | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার | ব্যবস্থাপনা পরিচালক অকেজো মালামাল অপসারণের বিষয়ে কোন উদ্যোগ গ্রহণ করা হয়েছে কিনা জানতে চাইলে মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, ইতোমধ্যে উৎপাদন বিভাগের অকেজো মালামাল স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, বাপেক্স ভবনের গাড়ি রাখার স্থানে অনেক ভাঙ্গা চেয়ার-টেবিল ঝুঁকিপূর্ণ অবস্থায় পড়ে রয়েছে যা দ্রুত অপসারণ করা প্রয়োজন। মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, Emergency Exit সিঁড়ি সংকীর্ণ হওয়ায় তা আরো সম্প্রসারণের প্রয়োজন। উপমহাব্যব্যস্থাপক (নির্মাণ) জনাব তারেক আহমদ সভায় জানান যে, বাপেক্স ভবনের ছাদে স্থাপিত বজ্রপাত নিরোধক দন্ড (Lightening Arrestor) সমূহ নষ্ট হয়ে যাওয়া বাপেক্স ভবন বজ্রপাতের ঝুঁকিতে রয়েছে। এমতাবস্থায়, জরুরীভিত্তি ভবনের বজ্রপাত নিরোধ ব্যবস্থা (Lightening Protection System) পুনঃস্থাপন আবশ্যক। এছাড়াও , বাপেক্স ভবনে পরীক্ষাগার বিভাগ, লেভেল-১, লেভেল-৬ ও ছাদের সর্বমোট ছয়টি বার্নারের জন্য গ্যাস সংযোগ রয়েছে। গ্যাস সংযোগগুলো ভবনের দক্ষিণ পাশের স্যানেটারী ডাক্ট ও ফ্লোর টাইলসের নিচ নেয়া হয়েছে, যা অত্যন্ত ঝুঁকিপুর্ণ। ভবনের প্রয়োজনীয় বার্নারের গ্যাস সংযোগগুলো সারফেস দিয়ে স্থাপন করা জরুরি। সভায় বাপেক্স ভবনের নিরাপত্তার স্বার্থে পরবর্তী মাসিক সমন্বয় সভার পূর্বে অকেজো মালামাল অপসারণ, দ্রুত Thunder Arrester স্থাপন এবং | ১। বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। পরবর্তী মাসিক সমন্বয় সভার পূর্বে অকেজো মালামাল অপসারণ করতে হবে।<br><br>৩। দ্রুত Thunder Arrester স্থাপন করতে হবে এবং বাপেক্স ভবনের ঝুঁকিপূর্ণ ৩টি গ্যাসের লাইনের বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>৩। উপমহাব্যবস্থাপক (এইচএসই)<br>৪। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ভবনের প্রয়োজনীয় বার্নারের গ্যাস সংযোগগুলো সারফেস দিয়ে স্থাপন করার নির্দেশনা প্রদান করা হয়। | | |
| ১৩। | বিবিধ | ১৩.১। উপমহাব্যবস্থাপক (সেবা) সভায় জানান যে, বাপেক্স ভবনের বাউন্ডারির বাইরে অস্থায়ী হোটেলের সিলিন্ডার স্থাপন করায় বাপেক্স ভবন ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। মাঝে মাঝে সিলিন্ডারে আগুন লাগার কারণে ভবনের জেনারেটর চালু রাখা ঝুঁকিপূর্ণ হয়ে যায় বিধায় ইতোমধ্যে সিটি কর্পোরেশনকে বিষয়টি অবহিত করা হয়েছে এবং স্থানীয় পুলিশ প্রশাসনের সাথে যোগাযোগ করা হয়েছে। তবে, সার্বিক দিক বিবেচনায় এখনো থানায় জিডি করা হয়নি। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনের নিরাপত্তার স্বার্থে বাউন্ডারি ওয়াল আরো উঁচু করার পরামর্শ প্রদান করেন। | ১। বাপেক্স ভবনের নিরাপত্তার স্বার্থে প্রয়োজন অনুযায়ী বাউন্ডারি ওয়াল আরো উঁচু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| | | ১৩.২। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) জনাব তারেক আহমদ সভায় জানান যে, কাপাসিয়ায় ভূপদার্থিক বিভাগের মালামাল (২ডি ও ৩ডি সাইসমিক সার্ভে), পরীক্ষাগার বিভাগের মালামাল এবং জিওলজিক্যাল পার্টির মালামাল রাখার জন্য ৫৪,০০০ স্কয়ার ফুট (২৪০ ফুট x ১২০ ফুট) ১টি গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণের জন্য ডিজাইনসহ প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক দ্রুত প্রতিবেদনটি দাখিল করার পরামর্শ প্রদান করেন। | গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণ এর জন্য একটি ডিজাইন/প্রতিবেদন দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>৩। প্রকল্প পরিচালক (২ডি ও ৩ডি সাইসমিক সার্ভে)<br>৪। পার্টি চিফ, ভূতাত্ত্বিক জরিপ দল |
| | | ১৩.৩। মহাব্যবস্থাপক (খনন) জানান যে, রাজস্ব বাজেট হতে ২টি কূপ খননের জন্য প্রয়োজনীয় মালামাল ক্রয়ের লক্ষ্যে দরপত্র আহবান করা হয়েছে। দরপত্র মূল্যায়ন কাজ চলমান আছে। | বাপেক্স এর রাজস্ব বাজেট হতে ন্যূনতম ২টি কূপ খনন ও পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপ সমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল দ্রুত ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) |
| | | ১৩.৪। মহাব্যবস্থাপক (প্রকৌশল) সভায় অবহিত করেন যে, সম্প্রতি বাপেক্সের যেসব গাড়ী মাঠ পর্যায়ে যাওয়া-আসা করে সেসব গাড়ী মাঠ পর্যায়ের স্থাপনা হতে জ্বালানি তেল গ্রহণ করার ক্ষেত্রে সমস্যা তৈরি হচ্ছে। তাই, ঢাকার বাইরে গমনের পূর্বে ঢাকা হতে পর্যাপ্ত জ্বালানি তেল সংগ্রহ করা হলে উদ্ভূত সমস্যা এড়ানো সম্ভব হবে। | ১। বাপেক্সের যেসব গাড়ী মাঠ পর্যায়ে যাওয়া-আসা করে সেসব গাড়ী ঢাকার বাইরে গমনের পূর্বে ঢাকা হতে পর্যাপ্ত জ্বালানি তেল সংগ্রহ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| | | ১৩.৫। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) বলেন যে, তীব্র গরমের কারণে বাপেক্সের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ দৈনন্দিন দাপ্তরিক কাজ সম্পাদনে খুবই অসুবিধার সম্মুখীন হচ্ছেন। তাই, বাপেক্স ভবনে ফ্লোর স্ট্যান্ড এসি স্থাপন করার বিষয়টি বিবেচনার জন্য তিনি অনুরোধ করেন। সভায় বাপেক্স ভবনের প্রতিটি ফ্লোরে সরেজমিন পরিদর্শনপূর্বক সুন্দর ও স্বাস্থ্যকর কর্মপরিবেশ নিশ্চিতের লক্ষ্যে ফ্লোর স্ট্যান্ড/ এসি | বাপেক্স ভবনের প্রতিটি ফ্লোরে সরেজমিন পরিদর্শনপূর্বক স্বাস্থ্যসম্মত কর্মপরিবেশ নিশ্চিতের লক্ষ্যে ফ্লোর স্ট্যান্ড এসি স্থাপন অথবা প্রযোজ্য ক্ষেত্রে বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>৩। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | স্থাপন অথবা প্রযোজ্য ক্ষেত্রে বিকল্প ব্যবস্থা গ্রহণ গ্রহণের পক্ষে একমত প্রকাশ করা হয়। | | |
| | | ১৩.৬। সভায় মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, রিগের পিরিয়ডিক মেইনটেইনেন্স ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম চলমান আছে। সভায় ধারাবাহিকভাবে রিগের পিরিয়ডিক মেইনটেইনেন্স ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার পক্ষে একমত প্রকাশ করা হয়। | রিগের পিরিয়ডিক মেইনটেইনেন্স ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| | | ১৩.৭। মহাব্যবস্থাপক (খনন) সভায় অবহিত করেন যে, বাপেক্সের মাধবপুর রিগ বেইজের অফিস কাম আবাসিক ভবন নির্মাণ করার জন্য একটি প্রস্তাবনা ছিল যা সুষ্ঠু কাজের স্বার্থে দ্রুত নির্মাণ করা প্রয়োজন। মহাব্যবস্থাপক (প্রশাসন) প্রস্তাবটির পক্ষে একমত প্রকাশ করেন। ব্যবস্থাপনা পরিচালক মাধবপুর রিগ বেইজের অফিস কাম আবাসিক ভবন নির্মাণ করার লক্ষ্যে একটি কার্যপত্র প্রস্তুত করার পরামর্শ প্রদান করেন। | মাধবপুর রিগ বেইজে অফিস কাম ডরমিটরি ভবন নির্মাণ করার লক্ষ্যে একটি কার্যপত্র প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। মহাব্যবস্থাপক (খনন) |
| | | ১৩.৮। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্সে যে ৮৩ জন নতুন কর্মকর্তা যোগদান করার জন্য অপেক্ষমাণ রয়েছে তাদেরকে কোম্পানির কাজে সম্পৃক্ত করার লক্ষ্যে কোন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিনা জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, প্রচলিত রীতি অনুযায়ী ওরিয়েন্টশন প্রোগাম আয়োজনের মাধ্যমে বাপেক্সের সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত করা হবে। সভায় নতুন কর্মকর্তাদের জন্য ওরিয়েন্টশন প্রোগাম আয়োজনের পক্ষে একমত প্রকাশ করা হয়। | নিয়োগপ্রাপ্ত ৮৩ জন নতুন কর্মকর্তাকে বাপেক্সের কর্মকাণ্ডে সম্পৃক্ত করার লক্ষ্যে ওরিয়েন্টশন প্রোগাম আয়োজনের করতে হবে। | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)-সহ সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগণ |

আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৭/২৫

প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক
এবং সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ........................................................ বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক .................................................... বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্প ব্যবস্থাপক.......................... বাপেক্স।
৪) অফিস কপি।